রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১৬, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

জেলা পরিষদ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৮ জানুয়ারি ২০০৬/ ২৫ পৌষ ১৪১২

এস, আর, ও নং ০২-আইন/২০০২/জেপশা/বিধি-১/২০০৬।—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন) এর ধারা ৭৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

(ক) বিধি ২ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ক) "আইন" বলিতে স্থানীয় সরকার (জেলা পরিষদ) আইন, ২০০০ (২০০০ সনের ১৯নং আইন) বুঝাইবে";

(খ) বিধি ৩ এর উপ-বিধি (২) এর শেষে শর্তাংশ বিলুপ্ত হইবে এবং উপ-বিধি (২) এ "নিয়োগ করা হইবে না" শব্দগুলির পর কোলন (ঃ) এর পরিবর্তে দাড়ি (।) প্রতিস্থাপিত হইবে;

(গ) বিধি ২৪ এর উপ-বিধি (১) এর "তিন মাস" শব্দগুলির পরিবর্তে "চার মাস" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) বিধি ২৫ এর উপ-বিধি (১) এ "কোন কর্মকর্তা বা কর্মচারী ছয় মাস পর্যন্ত পূর্ণ বেতনে এবং আরও ছয় মাস অর্ধ-বেতনে অবসর প্রস্তুতি ছুটি পাইবেন" বাক্যটির পরিবর্তে "কোন কর্মকর্তা বা কর্মচারী ছুটি পাওনা থাকা সাপেক্ষে, বার মাস পর্যন্ত পূর্ণ-বেতনে অবসর প্রস্তুতি ছুটি পাইবেন" বাক্যটি প্রতিস্থাপিত হইবে;



মূল্য ঃ টাকা ৪.০০

(ঙ) বিধি ৪১ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশকৃত কৈফিয়ত, যদি কিছু থাকে বিবেচনা করিবে এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর সুযোগ প্রদানের পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন তবে তাহাকে যে কোন লঘুদন্ড প্রদান করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ যথাযথ মনে করিলে অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নীচে নহেন এমন একজন কর্মকর্তাকে তদন্তকারী কর্মকর্তা হিসাবে নিয়োগ করিতে পারিবে; তদন্তকারী কর্মকর্তা অভিযোগের তদন্ত করিবেন এবং বিচার্য বিষয়ে মতামতসহ প্রতিবেদন দাখিল করিবেন";

(চ) বিধি ৪১ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে অথবা প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারিবে";

(ছ) বিধি ৪১ এর উপ-বিধি (৩) এ "বিশটি কার্যদিবসের মধ্যে" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(জ) বিধি ৪১ এর উপ-বিধি (৪) বিলুপ্ত হইবে;

(ঝ) বিধি ৪১ এর উপ-বিধি (৫) এ দুইবার উল্লিখিত "উপ-বিধি (১), (২), (৩) ও (৪)" শব্দ, সংখ্যা, চিহ্ন ও বন্ধনীর পরিবর্তে "উপ-বিধি (১), (২) ও (৩)" শব্দ, সংখ্যা, চিহ্ন ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ঞ) বিধি ৪২ এর উপ-বিধি (২) এর দফা (খ) এ "তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশের তারিখ হইতে ত্রিশটি কার্যদিবসের মধ্যে" বাক্যটি বিলুপ্ত হইবে;

(ট) বিধি ৪২ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(৪) তদন্তকারী কর্মকর্তা বা ক্ষেত্রবিশেষে তদন্ত কমিটি তদন্তের আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং বিধি ৪৩ এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন এবং উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেন";

(ঠ) বিধি ৪২ এর উপ-বিধি (৫) এ "প্রতিবেদন প্রাপ্তির তারিখ হইতে বিশটি কার্যদিবসের মধ্যে" বাক্যটি বিলুপ্ত হইবে;

(ড) বিধি ৪২ এর উপ-বিধি (৭) এ "পনেরটি কার্যদিবসের মধ্যে" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(ঢ) বিধি ৪২ এর উপ-বিধি (৮) বিলুপ্ত হইবে;

(ণ) বিধি ৪৪ এর উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;

(ত) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ৩ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর";

(থ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ৫ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর";

(দ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ৬ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর";

(ধ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ৭ এর বিপরীতে কলাম ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| | |
|---|---|
| ১০০% সরাসরি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী এবং প্রাতিষ্ঠানিক কাজে অভিজ্ঞতা" |

(ন) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ৯ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রি "১৮—২৭ বৎসর" এর পরিবর্তে এন্ট্রি "৩০ বৎসর" প্রতিস্থাপিত হইবে এবং কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং তৎসহ ইংরেজীতে দ্রুতলিপি প্রতি মিনিটে ১০০ শব্দ এবং মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতি মিনিটে ৭০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকিতে হইবে এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা শিথিলযোগ্য।";

(প) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১০ এর বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| | | | |
|---|---|---|---|
| "নিম্নমান-সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে এবং ৫০% পদ ডুপ্লিকেটিং মেশিন অপারেটর বা বার্তাবাহক বা এমএলএসএস পদ হইতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরিঃ** উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজী প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকিতে হইবে।<br>**পদোন্নতিঃ** ফিডার পদে পাঁচ বৎসরের সন্তোষজনক চাকুরী এবং প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতাসহ টাইপে নির্ধারিত গতি থাকিতে হইবে। |

(ফ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১১ এর বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| | | | |
|---|---|---|---|
| "সার্ভেয়ার | ৩০ বৎসর | ১০০% সরাসরি | সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা" |

(ব) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১২ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর";

(ভ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৩ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর";

(ম) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৪ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর";

(য) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৫ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর";

(র) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৬ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর";

(ল) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৭ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর";

(শ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৮ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর";

(ষ) তফসিলের কলাম ১ এ ক্রমিক নং ১৯ এর বিপরীতে কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ এইচ এম আবুল কাসেম
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।